

## BEGALI (PG) SEM-II Paper-204(CBCS)

### ভাষাতত্ত্ব

### রূপমূল বা রূপিম বা মূলরূপ (Morpheme and Morphology)

আমরা মনে করি ধ্বনির পরবর্তী একক হল শব্দ (word ) ভাষাবিজ্ঞানের ধারণায় ধ্বনি ও শব্দের মাঝে একটি একক আছে যা হল রূপিম বা মূলরূপ(Morpheme) ভাষাবিজ্ঞানী নীদার রূপিম কে ‘ minimal meaningful unit’ বলে অভিহিত করে করেছেন। অধ্যাপক রামেশ্বর শ’ বলেন-“রূপিম বা মূলরূপ হল এক বা একাধিক স্বনিমের সমন্বয়ে গঠিত এমন অর্থপূর্ণ ক্ষুদ্রপূর্ণ একক যা পৌনঃপুনিক এবং যার অংশবিশেষের সঙ্গে অন্য শব্দের ধ্বনিগত ও অর্থগত সাদৃশ্য নেই”। ড. ‘শ’ রূপিমের চারটি বৈশিষ্ট্যের কথা বলেছেন-

১. সেটি এক বা একাধিক ধ্বনির সমন্বয়ে গঠিত ক্ষুদ্রতম একক হওয়া চাই।

২. সেই এককটির অর্থ থাকা চাই।

৩. সেই এককটির ভাষার মধ্যে বারবার ফিরে আসা চাই।

৪. সেই এককটির অংশবিশেষের সঙ্গে অন্য এককের ধ্বনিগত ও অর্থগত মিল থাকবে না।

‘বাড়িটি’ এই শব্দগুচ্ছটিতে দুটি রূপিম আছে- বাড়ি, টি । ‘বাড়ি’ হল অর্থযুক্ত ক্ষুদ্রতম একক। অর্থাৎ যাকে আর অর্থ বজায় রেখে ভাগ করা যায় না। যদি ভাগ করার চেষ্টা করি তবে তার আর কোন সুনির্দিষ্ট অর্থ থাকবে না (বা, ডি)। অন্যদিকে ‘টি’ হল রূপিম কেননা ‘টি’ র প্রচলিত অর্থ না থাকলেও তার ব্যবহারিক অর্থ আছে। যেমন ‘গুলি’ ‘গুলি’ ‘দের’ প্রভৃতি শব্দগুচ্ছের থাকে। আসলে এই শব্দগুচ্ছগুলি (টা, টি, গুলি, গুলা) সংখ্যা বা পরিমানের ধারণা দেয়।

অক্ষর (Syllable) ও রূপিম : অক্ষর ও রূপিম উভয়েই ক্ষুদ্রতম ধ্বনিগুচ্ছ। কিন্তু অক্ষরের অর্থ থাকতে পারে আবার নাও পারে। কিন্তু রূপিমের অর্থ থাকবেই। ‘বইপত্র’ শব্দটিকে যদি আমরা দেখি- তার অক্ষর বিন্যাস হল- বই,পত,ত্র আর রূপিম হল- বই,পত্র কেননা- বই ক্ষুদ্রতম ধ্বনিগুচ্ছ তাই তা অক্ষর এবং তার অর্থ আছে বলে তা হল রূপিম। কিন্তু ‘পত’ অক্ষর হলেও অর্থহীন তাই তা রূপিম নয়। বলা যেতে পারে, অর্থযুক্ত অক্ষর হল রূপিম। অর্থহীন অক্ষর রূপিম নয়। উভয়ের পার্থক্য হল- অক্ষর সম্পূর্ণ উচ্চারণের উপর গঠিত ,অন্যদিকে রূপিম অর্থের প্রাধান্যে গঠিত।

শব্দ ও রূপিমের পার্থক্য- i) বাক্যে শব্দ আলাদা বসতে পারে। সমস্ত রূপিম বাক্যে আলাদা বসতে পারে না।

যেমন- বাড়িটি শব্দে দুটি রূপিম- বাড়ি ও টি। 'বাড়ি' একই সঙ্গে শব্দ ও রূপিম। তাই বাড়ি বাক্যে আলাদা বসতে পারে। কিন্তু 'টি' শব্দ নয় শুধু রূপিম তাই বাক্যে আলাদা ব্যবহার হয় না।

ii) শব্দ ক্ষুদ্রতম অর্থপূর্ণ একক নয়। রূপিম অর্থপূর্ণ ক্ষুদ্রতম একক।

### রূপিমের শ্রেণী বিভাগ-

১. মুক্তরূপিম/স্বচ্ছন্দরূপিম (Free Morpheme)- যে রূপিমগুলি অন্য কোন ধ্বনিসমষ্টির সাথে যুক্ত না হয়েও স্বাধীন ভাবে ব্যবহৃত হতে পারে বা যে রূপিমগুলির নিজস্ব অর্থ রয়েছে এবং ক্ষুদ্রতম অংশে বিভাজ্য নয় যে রূপিমগুলি মুক্ত রূপিম। যেমন- হাতের লেখা। এখানে হাতের শব্দগুচ্ছে দুটি রূপিম- 'হাত', 'এর'। 'হাত' হল মুক্ত রূপিম। তেমনি 'লেখা' হল মুক্তরূপিম কারণ এগুলি অন্য কোন ধ্বনিগুচ্ছের সাহায্য ছাড়াই ভাষায় ব্যবহৃত হতে পারে।

২. বদ্ধরূপিম (Bound Morpheme) বদ্ধরূপিমের নিজস্ব অর্থ রয়েছে বটে কিন্তু ভাষায় এরা স্বতন্ত্রভাবে ব্যবহৃত হতে পারে না। বরং এরা অন্য রূপিমের সাথে যুক্ত হয়ে ব্যবহৃত হয় এবং ভাষার অর্থ পরিবর্তন ঘটায়। যেমন-হাতের লেখা। এখানে হাতের শব্দগুচ্ছে দুটি রূপিম- 'হাত', 'এর'। 'হাত' হল মুক্ত রূপিম। কিন্তু 'এর' হল বদ্ধ রূপিম। কারণ এগুলি অন্য কোন ধ্বনিগুচ্ছের সাহায্য ছাড়াই ভাষায় ব্যবহৃত হতে পারে না।

৩.সহরূপিম (Allomorph)- একাধিক রূপিম অনেক সময় সমান অর্থ প্রকাশ করে। তখন সেই রূপিমগুলিকে সহরূপিম বলে। অর্থাৎ ভিন্ন ভিন্ন রূপিম অর্থের দিক থেকে অভিন্ন হলে তাকে সহরূপিম বলে।

যেমন- গুলি , দেব ইত্যাদি। এই দুটি রূপিম উচ্চারণগতভাবে আলাদা কিন্তু অর্থগত দিক থেকে সম। কারণ দুটি রূপিম-ই বহুবচন বোধক।

৪. অনন্যরূপিম(Unique Morph)- যে রূপিমগুলি সংশ্লিষ্ট ভাষায় বারবার ব্যবহৃত হয় না একবার মাত্র ব্যবহৃত হয় এবং ব্যবহারের সময় অবশ্যই অন্য কোন রূপিমের সঙ্গে যুক্ত হয়ে ব্যবহৃত হয় সেই রূপিমকে অন্যান্য রূপিম বলে। যেমন- মগডাল, মলমাস, এখানে 'মগ', বা 'মল' রূপিমগুলি নির্দিষ্ট রূপের আগে ব্যবহৃত হতে দেখা যায় তাই মগ , মল হল অনন্যরূপিম।

৫. সমধ্বনি রূপিম- কিছু কিছু রূপিম রয়েছে যেগুলি উচ্চারণগত দিক থেকে অভিন্ন কিন্তু অর্থগত দিক থেকে ভিন্ন, এই রূপিমগুলিকে সমধ্বনি রূপিম বলে। আমি তাকে 'চিনি'।

আমি চায়ে 'চিনি' খাই। 'চিনি' রূপিমটি উচ্চারণগত ভাবে অভিন্ন হয়ে দু জায়গায় দুটি আলাদা অর্থে ব্যবহৃত হয়েছে। প্রথমটির অর্থ 'পরিচিত' এবং দ্বিতীয়টির অর্থ 'শর্করা'।

৬. শূন্যরূপমূল- যে রূপমূলগুলির শারীরিক অস্তিত্ব নেই অর্থাৎ চোখে দেখা না গেলেও তার অস্তিত্ব অনুভব করা যায়, সে রূপমূলগুলিকে শূন্যরূপমূল বলে। যেমন- শূন্যবিভক্ত।